# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২২০১১/পটুয়াখালী-৩৪/ ২৭৫

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২
০২ ডিসেম্বর ২০২৫

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার দুমকী উপজেলাধীন চরগরবদী ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার ভূয়া ভোটার তালিকা প্রস্তুত করতঃ কমিটি গঠন এবং নিয়োগ বাণিজ্যের মাধ্যমে লোক নিয়োগ সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ আলাম গাজী অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

২.১২.২৫
প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
দুমকী, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২২০১১/পটুয়াখালী-৩৪/

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩২
০২ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুমকী, পটুয়াখালী;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, চরগরবদী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-চরগরবদী, দুমকী, পটুয়াখালী;
৫. জনাব মোঃ আলাম গাজী (অভিযোগকারী), সাং- গ্রাম+পোস্ট: চরগরবদী, থানা: দুমকী, জেলা: পটুয়াখালী;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

০২/১২/২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখ: ৩০.১১.২০২৫খ্রি.

বরাবর

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা

বিষয়: পটুয়াখালী জেলাধীন দুমকী উপজেলার চরগরবদী ইসলামিয়া দাখিল মাদ্রাসার অবৈধ ম্যানেজিং কমিটি বাতিল প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মানপ্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী অত্র মাদ্রাসার একজন দাতা সদস্য। অত্র মাদ্রাসার সুপার সাহেব অত্যন্ত ধূর্ত টাউট প্রকৃতির মানুষ, তার স্বেচ্ছাচারিতার জন্য আজ প্রতিষ্ঠানটি মৃতপ্রায়। যার জ্বলন্ত উদাহরণ ২০২৬ ইং সালের দাখিল পরীক্ষার্থী মাত্র ১ জন। তড়িঘড়ি করে ভূয়া ভোটার তালিকা প্রস্তুত করে অর্থাৎ যে ভোটার তালিকায় ০৫ (পাঁচ) জনের ( চূড়ান্ত ভোটার তালিকার ভোটার নং-৬৯, ৮৭, ৯৫, ১১১, ১৪০) অধিক ভোটার মৃত ব্যক্তি (যাদের মৃত্যুসনদ এবং তার অভিভাবকত্বের প্রমাণপত্র অত্র আবেদনের সাথে সংযুক্ত), একই ব্যক্তির নাম ০২ বার রয়েছে (চূড়ান্ত ভোটার তালিকায় ভোটার নং-১০ ও ৬৫) এবং নামী/বেনামী অনেক ভোটার বানিয়ে মোট ১৮৩ জন অভিভাবক শ্রেণির ভোটার তালিকা খসড়া ও চূড়ান্ত করেছেন। অথচ অত্র মাদ্রাসায় প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত মোট প্রকৃত ছাত্র-ছাত্রী হবে ৪০/৫০ জন। এভাবে তিনি আত্মীয়করণ ও নিয়োগ বণিজ্যের উদ্দেশ্যে গত ০২/০৯/২০২৫ইং তারিখ ম্যানেজিং কমিটি অনুমোদন করিয়ে গত ০৯/০৯/২০২৫ ইং তারিখ দৈনিক নয়াদিগন্ত ও স্থানীয় গণদাবি পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি দিয়ে গোপন রেখে বিভিন্ন লোকের কাছ থেকে বিভিন্ন পদের বিপরীতে ৭/৮ লক্ষ টাকা লেনদেন করলে আমরা দাতা এবং এলাকার লোকজন জানতে পেরে সুপার সাহেবের কাছে জিজ্ঞাসা করলে তিনি নিয়োগ বিজ্ঞপ্তির কথা এবং অর্থ লেনদেনের কথা অস্বীকার করেন। পরে খোজ খবর নিয়ে পত্রিকার সন্ধান পাওয়া গেলে জানা যায় আবেদনের তারিখ শেষ হয়েছে এবং তার মনোনিত ও সভাপতির ছেলে এবং বিদ্যোৎসাহীর স্ত্রীকে দিয়ে আবেদন করিয়েছেন। অথচ আমি ম্যানেজিং কমিটির একজন দাতা সদস্য আমার কাছে আবেদনের শেষ তারিখের পর রেজুলেশন খাতায় স্বাক্ষর নেওয়ার জন্য আসলে আমি ব্যাক-ডেটে স্বাক্ষর না করিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে বিষয়টি উল্লেখপূর্বক একখানা আবেদন করি এবং তিনি কোন ব্যবস্থা গ্রহণ না করায় অত্র মাদ্রাসার ছাত্র অভিভাবকরা গত ০৬/১০/২০২৫ইং তারিখ পটুয়াখালী জেলা জজ কোর্টে অত্র কমিটি ও নিয়োগের বিরুদ্ধে একখানা মামলা দায়ের করেন যার মামলা নং- ৩৭০/২৫ (কপি সংযুক্ত)। বর্তমানে এই বিষয়টি নিয়ে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে এবং উত্তেজনা বিরাজ করছে। এমতাবস্থায় অত্র মাদ্রাসায় নিয়োগ কার্যক্রম হলে আরো মামলা-হামলার সৃষ্টি হবে। যাতে প্রতিষ্ঠানটির অপূরনীয় ক্ষতি সাধিত হবে।

অতএব, জনাবের নিকট আবেদন যাতে উক্ত মাদ্রাসায় অবৈধ ম্যানেজিং কমিটি বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জনাবের সদয় মর্জি হয়।

নিবেদক

(মোঃ আলাম গাজী)

দাতা সদস্য, ম্যানেজিং কমিটি অত্র মাদ্রাসা